"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং ঃ ৫৯.১১.০০০০.২৫০.৯৯.০০১.২২-৪২২ তারিখ: ২৫/০৯/২০২৩খ্রিঃ

বিষয় ঃ ১৪-১৯ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত ৬ (ছয়) দিন ব্যাপী "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ।

সূত্র ঃ ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০৩০.২৩-১৫৪৭ তারিখ : ১৪/০৯/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১১-০৯-২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় মহাপরিচালক মহোদয়ের নির্দেশনার ভিত্তিতে ১৪-১৯ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত ৬ (ছয়) দিন ব্যাপী "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। BDHS- ২০২২ এর তথ্য বিশ্লেষণ করে পরিলক্ষিত হয় যে, সরকারি উৎস থেকে স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি ইনজেকটেবলস এর বিতরণের হার ৪০.৬% এ হ্রাস পেয়েছে এবং অসরকারী উৎসের অংশীদারিত্ব ৫৯.৪% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে এবং FWA কর্তৃক ইনজেকটেবলস, খাবার বড়ি ও কনডমের বিতরণের হার যথাক্রমে ১৩.৬%, ১৪.৪% এবং কনডম ৬.৯% পরিলক্ষিত হয়। মাঠপর্যায়ে চলমান পরিবার পরিকল্পনা কর্মসূচিতে সক্ষম দম্পতির ভিত্তিতে গ্রহণকারী অনুযায়ী স্বাভাবিক বিতরণ কমে যাওয়ায় এবং সরকারি উৎসের অবদান হ্রাস পাওয়ায় জন্মনিরোধক সামগ্রী ইনজেকটেবলস এর মজুদ অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষিতে, আগামী ১৪-১৯ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত ৬(ছয়) দিন ব্যাপী "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপনের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল:

- "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপন উপলক্ষ্যে বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী/অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের পাশাপাশি ব্যাপক প্রচারণা নিশ্চিত করা;
- জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচীতে পদ্ধতিসমূহের মধ্যে স্বল্পমেয়াদী পদ্ধতিসমূহ ( খাবার বড়ি, ইনজেকটেবলস, কনডম) তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে যার পদ্ধতিভিত্তিক প্রক্ষেপণ ৬৫%। এ লক্ষ্যে, স্বল্পমেয়াদী পদ্ধতির গ্রহীতার হার প্রক্ষেপন অনুযায়ী (সক্ষম দম্পতির -৩৯% খাবার বড়ি, ১৯% ইনজেকটেবলস, ৭% কনডম) অর্জনের নিমিত্ত বিশেষ কার্যক্রম গ্রহণ করা;
- শিশু ও মাতৃস্বাস্থ্যের সার্বিক উন্নতি ও অনাকাঙ্খিত গর্ভধারণ রোধ করতে পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৭৫% উন্নীত করার পাশাপাশি পরিবার পরিকল্পনা পদ্ধতির ড্রপ-আউট এর হার ২০% এবং অপূর্ণ চাহিদার হার ৮% হ্রাস করার জন্য উদ্যোগ/প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;
- ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপন উপলক্ষ্যে কেন্দ্র পরিস্কার পরিছন্ন করা, জাঁকজমকভাবে পরিবার পরিকল্পনা , মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য সেবা প্রদান করা। এ লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বরাদ্দকৃত (প্রতিমাসে ৭০০/-টাকা) টাকা হতে খরচের যথাযথ ব্যবস্থা গ্রহন করা;
- "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপন উপলক্ষ্যে মাঠ পর্যায়ে অনুষ্ঠিতব্য স্যাটেলাইট ক্লিনিকগুলো যথাসম্ভব উৎসাহ ও উদ্দীপনার সাথে উৎসবমুখর পরিবেশে আয়োজনপূর্বক স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা এবং সার্বিক পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;
- এ উপলক্ষ্যে মাঠ পর্যায়ে অনুষ্ঠিতব্য বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী এবং উঠান বৈঠক সমূহে সেবা প্রদানকারী এবং সেবা গ্রহীতাসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক বিশেষ সেশন পরিচালনা করা;
- "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" চলাকালীন জেলা ও উপজেলা পর্যায়ে আশ্রায়ণ, আবাসন, গুচ্ছগ্রাম এবং সিটি কর্পোরেশন এলাকার বস্তির অধিবাসীদের জন্য বিশেষ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা কার্যক্রম পরিচালনা করা;
- মাঠ পর্যায়ের কর্মীগণকে স্থানীয় জনপ্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দ, স্থানীয় সুধীজন এবং ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সাথে সমন্বয় করে "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" উদযাপন করার ব্যবস্থা গ্রহণ করা;
- স্বল্পমেয়াদী জন্মনিরোধক সামগ্রীর মজুদ ও বিতরণ পর্যবেক্ষণের নিমিত্ত SCMP Portal নিয়মিত অনুসরণ, বিতরণ ব্যবস্থাপনায় উল্লেখিত FEFO (First Expiry First Out) নীতির ভিত্তিতে বিতরণ নিশ্চিতকরণ এবং জাতীয় প্রক্ষেপণ অনুযায়ী গ্রহণকারীর হার অর্জনসহ গ্রহণকারী অনুযায়ী বিতরণ নিশ্চিত করা ।

০২। বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় এডভোকেসি সভা এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ব্যানার স্থাপনের জন্য পরিচালন খাত এবং ইউএনএফপিএ'র বাজেট হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

০৩। সংযুক্ত ছকে "স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা সপ্তাহ" এর সমন্বিত অগ্রগতির প্রতিবেদন ২২ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ জন্য বিশেষভাবে অনুরোধ করা হ,ল।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

(মোঃ সোহেল পারভেজ )
পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারি
Email : fsdpfp@ gmail.com
ফোন: ৫৫০১২৩৪৭ (অফিস)
তারিখ: ২৫/০৯/২০২৩খ্রিঃ

উপ-পরিচালক
পরিবার পরিকল্পনা
....................................(সকল) ।

স্মারক নং ঃ ৫৯.১১.০০০০.২৫০.৯৯.০০১.২২-৪২২

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক/ লাইন ডাইরেক্টর ............................................................ পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
০২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
০৩। অতিরিক্ত পরিচালক, ড্রাগস এন্ড স্টোর, কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
০৪। সহকারী পরিচালক (বাজেট), অর্থ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
০৫। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)/সহকারী পরিচালক (সিসি)/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট/আঞ্চলিক সুপার ভাইজার (এফপিসিএস-কিউআইটি), ..............................জেলা।
০৬। ইউএনএফপিএ বাংলাদেশ এর প্রতিনিধি।
০৭। মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
০৮। পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর ফ্যামিলি প্ল্যানিং- ফিল্ড সার্ভিসেস ডেলিভারী এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।


০৬/১০/২০২৩
(হাসান আমীন সুমন)
প্রোগ্রাম ম্যানেজার
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারি

১৪-১৯ অক্টোবর ২০২৩ মেয়াদে অনুষ্ঠেয় স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবা ও প্রচার সপ্তাহের সমন্বিত কার্যসম্পাদন প্রতিবেদন

ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

তারিখ: জেলা:

| ক্রঃ নং | উপজেলার নাম | ক্যাম্পের সংখ্যা | স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা | উঠান বৈঠকের সংখ্যা | স্বল্পমেয়াদী পদ্ধতি | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ইনজেকটেবলস | | | খাবার বড়ি | | | | | | কনডম | | | |
| | | | | | | | | আপন | | | সুখি | | | | | | |
| | | | | | বিতরণ নতুন গ্রহীতা (ভায়াল) | বিতরণ পুরাতন গ্রহীতা (ভায়াল) | মোট বিতরণ (ভায়াল) | বিতরণ নতুন গ্রহীতা (চক্র) | বিতরণ পুরাতন গ্রহীতা (চক্র) | মোট বিতরণ (চক্র) | বিতরণ নতুন গ্রহীতা (চক্র) | বিতরণ পুরাতন গ্রহীতা (চক্র) | মোট বিতরণ (চক্র) | বিতরণ নতুন গ্রহীতা (পিস) | বিতরণ পুরাতন গ্রহীতা (পিস) | মোট বিতরণ (পিস) | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| জেলার মোট= | | | | | | | | | | | | | | | | | |


ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট
স্বল্পমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি
ইনজেকশন, খাবার বড়ি ও কনডম
বিশেষ ক্যাম্প
১৪-১৯ অক্টোবর ২০২৩
স্থান :---------------------------------------
আয়োজনে : ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারি
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
বাস্তবায়নে : জেলা/উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,---------
জাতিসংঘ জনসংখ্যা তহবিল
Foreign, Commonwealth & Development Office
Sweden
Sverige
পরিবার পরিকল্পনা অধিদপ্তর